বিপ্লব সরকারের কবিতা

ইচ্ছে করে হারিয়ে যেতে

ইচ্ছে করে হারিয়ে যেতে,
সেই পথে, যে পথ কখনো শেষ হয় না,
যে পথের নেই ঠিকানা—
শুধু এগিয়ে চলে নীরবতার কোনো আলিঙ্গনে।

ইচ্ছে করে হারিয়ে যেতে
আকাশের সেই নীলাময় জগতে,
যেখানে মেঘেরা ঘুরে বেড়ায় হালকা ছায়ায়—
আর আমি ঘুরি সেই মেঘের শান্ত ছায়ায়।

ইচ্ছে করে বসে থাকি
কোনো এক শুকনো গাছের ছায়ায়,
যেখানে কেউ আসবে না খুঁজতে—
যেখানে থাকবো শুধু আমি, আর আমি।

ইচ্ছে করে হারিয়ে যাই
নীরবতার সেই অসীম ছায়ায়,
যেখানে নেই কোনো প্রশ্ন, নেই কোনো উত্তর—
আছে শুধু নিঃশব্দ এক ভালোবাসার মুখরতা।

হারিয়ে যেতে ইচ্ছে করে,
ভেতরে জমে থাকা কান্না নিয়ে—
বৃষ্টিতে ভেজা নীরব পথে দাঁড়িয়ে
নিজেকে প্রশ্ন করি— “আসলে আমি কে?”

হারিয়ে যেতে ইচ্ছে করে
প্রকৃতির আলিঙ্গনে—
যেখানে দুঃখের নেই কোনো শব্দ,
শুধু হাসির কৌতুক, আর রঙিন স্মৃতির ঢেউ।

ইচ্ছে করে হারিয়ে যাই
শব্দহীন এক জগতে—
যেখানে থাকবে শুধু নীরবতা,
আর তারই একটানা সুর।

ইচ্ছে করে ফিরে যাই
আগের সেই দিনগুলোর মাঝে,
যেখানে চোখের জল পড়তো না জোরে—
যেখানে ভালোবাসা ছিল একটানা, অটুট বন্ধনে।

কিন্তু... বললেই কি হারিয়ে যাওয়া যায়?
সময় কেবল ছুটে গেছে নীরবতার স্রোতে
স্মৃতিরা জমে গেছে হৃদয়ের কোনে_
মেঘ হয়ে তারা ভেসে যাচ্ছে নিঃশব্দ আকাশ পথে !